NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-780
বিষয়: অস্থায়ী আবাসনের শিক্ষার্থী
শ্রেণীবিভাগ: শিক্ষার্থী
ইস্যুর তারিখ: 18 এপ্রিল, 2019

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 29 জুন, 2009 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-780-কে হালনাগাদ করে এবং স্থলাভিষিক্ত হয়। এটা সংশোধন করা হয়েছে যাতে 2015 সালের এভরি স্টুডেন্ট সাকসিডস্ অ্যাক্ট দ্বারা সংশোধিত ম্যাককিনি-ভিন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্ট অভ 2001-এর নিয়মনীতির সাথে সামঞ্জস্যবিধান করা যায় এবং নিশ্চিত করা যায় যে গৃহহীন ছেলেমেয়েরা স্থায়ী আবাসনে বসবাসকারী শিক্ষার্থীদের অনুরূপ ফেডারেল প্রোগ্রামের অধীনে প্রাপ্ত সার্ভিসসহ প্রোগ্রাম ও সাভিস লাভ করে।

পরিবর্তনসমূহ:

- প্রবিধানটিকে সংশোধন করে যাতে তা এভরি স্টুডেন্ট সাকসিডস্ অ্যাক্ট অভ 2015 ("ESSA") দ্বারা সংশোধিত 2001 সালের ম্যাককিনি-ভিন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্ট-এর নতুন শর্তাবলির সাথে খাপ খাওয়াতে পারে;
- ফস্টার কেয়ারের জন্য অপেক্ষমান ছেলেমেয়েদেরকে অপসারণ করে এবং যেসব ছেলেমেয়ে জরুরি বা পরিবর্তনকালীন আশ্রয়কেন্দ্রে বা আবাসিক প্রোগ্রামে বসবাসরত গৃহনির্যাতনের শিকার, এবং হাসপাতালে পরিত্যক্ত, এমন ছেলেমেয়েদের, যুক্ত করে, হোমলেস চাইল্ড (গৃহহীন ছেলেমেয়ে)-এর সংজ্ঞা সংশোধন করে;
- সঙ্গীহীন তরুণ-তরুণীর সংজ্ঞায় যে আবাসিক প্রোগ্রামে বসবাসরত পলাতক বা গৃহহীন তরুণ-তরুণী, এবং তরুণ-তরুণীদের তত্ত্বাবধানকারী প্রাপ্তবয়স্কের সঙ্গ ছাড়া ভাগাভাগি করে বসবাসকারী অবস্থানে থাকা তরুণ-তরুণীও অন্তর্ভুক্ত, সেটার ব্যাখ্যা দেয় (সেকশন I.C);
- সংশোধন করে যে, পিতামাতার সংজ্ঞার মধ্যে পড়ে জন্মদাতা অথবা দত্তক গ্রহণকারী পিতামাতা, সৎ-পিতামাতা, আইনগতভাবে নিয়োগপ্রাপ্ত অভিভাবক, প্রযত্ন প্রদানকারী পিতামাতা এবং একটি বাচ্চার সাথে পিতামাতার সম্পর্ক আছে এমন ব্যক্তিবর্গ (সেকশন I.C., পাদটিকা 2)।
- প্রিস্কুল শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার মাধ্যমে "শিক্ষার্থী" শব্দের সংজ্ঞা সংশোধন করেছে;
- প্রিস্কুল ও উৎস স্কুল থেকে পরবর্তী গ্রেড পর্যায়ে নির্ধারিত গ্রাহক স্কুল অন্তর্ভুক্ত করার জন্য "স্কুল অভ অরিজিন" (উৎস স্কুল)-এর সংজ্ঞা সংশোধন করে, যদি শিক্ষার্থী গৃহহীন থাকাকালে উৎস স্কুলের সমাপণী গ্রেড সম্পন্ন করে (সেকশন I.D);
- ফ্যামিলি অ্যাস্ট্যান্ট-এর সংজ্ঞার ব্যাখ্যা দেয় (সেকশন I.F);
- স্টুডেন্ট ইন টেম্পোরারি হাউজিং (সাময়িক আবাসনের শিক্ষার্থী, "STH") লিয়াজোঁ-এর ব্যাখ্যা দেয় এবং "স্কুল-বেজড্ STH লিয়াজোঁ"-এর টাইটেল পরিবর্তন করে (সেকশন I.G);

- রিজিওন্যাল STH ম্যানেজারের সংজ্ঞা যোগ করে এবং বিবাদ মীমাংসা প্রক্রিয়ায় তার ভূমিকার বর্ণনা দেয় (সেকশন I.H. এবং IV.B.2 এবং 3);
- ব্যাখ্যা দেয় যে, স্কুলের স্টাফদেরকে অবশ্যই গৃহহীন শিক্ষার্থী ও তাদের পরিবারকে 'ম্যাককিনি ভিন্টো অ্যাক্ট গাইড ফর প্যারেন্টস্' দিতে হবে এবং এ গাইড অনলাইনে ও স্কুলে কীভাবে পাওয়া যাবে, তার ব্যাখ্যা করে দিতে হবে (সেকশন II.C):
- 'রেসিডেন্স কোশ্চেনেয়ার'-কে 'হাউজিং কোশ্চেনেয়ার'-এ পরিবর্তন করে; পরিবারসমূহকে এই ফর্ম পূর্ণ করা ব্যধ্যতামূলক করে এবং পিতামাতা বা তরুণ-তরুণীরা কোথায় এ ফর্ম পেতে পারে, তা ব্যাখ্যা করে দেয় (সেকশন II.E);
- যেসব ছেলেমেয়েকে স্পেশাল এডুকেশনের মূল্যায়নের জন্য পাঠানো হয়, কমিটিজ অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) সেসব ছেলেমেয়েদের পরিবারকে যাতে 'হাউজিং কোয়েশ্চেনেয়ার' প্রদান করে অথবা প্রদানের জন্য তৃতীয় পক্ষকে নির্দেশনা দেয় ও তা পূরণ করে দেওয়া পরিবারের জন্য বাধ্যতামূলক করে, সেটা প্রকাশ করে (সেকশন II.F);
- গৃহহীন ছেলেমেয়ে ও তরুণ-তরুণীদের অবশ্যই যাতে পাবলিক প্রিস্কুল এডুকেশনসহ অন্যান্য ছেলেমেয়ে ও তরুণ-তরুণীদের সমান অবৈতনিক লেখাপড়ার সুযোগ থাকে, এবং তাদেরকে যাতে মূলধারার স্কুল পরিবেশ থেকে আলাদা করা না হয়, এবং তারা যাতে গৃহহীন অবস্থায় থাকার যে কোন পর্যায়ে আবেদনের বা ভর্তির নির্ধারিত সময় পার হয়ে গেলেও অবশ্যই স্কুলে ভর্তি হতে পারে, সেটা প্রকাশ করে (সেকশন III);
- সকল গৃহহীন শিক্ষার্থীদের ক্ষেত্রে যাতে স্থায়ীভাবে বসবাসরত শিক্ষার্থীদের অনুরূপ ভর্তি পদ্ধতি অনুসরণ করা হয়, সেটা প্রকাশ করে, যার ব্যতীক্রম হলো সেসব গৃহহীন শিক্ষার্থী, ভর্তির জন্য সাধারণত প্রয়োজন হয় যেসব নথির, সেগুলো যাদের নেই, তবে তাদেরকে অবশ্যই অবিলম্বে স্কুলে ভর্তি করে নিতে হবে, সেটা প্রকাশ করে (সেকশন III.A.1.a (i));
- প্রকাশ করে যে, একজন গৃহহীন শিক্ষার্থী হয় তার উৎস (মূল) স্কুলে থাকবে, না হয় তার নতুন বাসস্থানের ভিত্তিতে সে যেখানে যোগ্য, এবং প্রযোজ্য ক্ষেত্রে, ভর্তির শর্তগুলো পূরণ করে, তেমন একটি নতুন স্কুলে বদলি হতে পারবে, (সেকশন III.A.1.a (ii));
- প্রকাশ করে যে, এটা ধরে নিতে হবে যে উৎস স্কুলে ছেলেমেয়ে বা তরুণ-তরুণীদের ধরে রাখা হতে পারে ছেলেমেয়েদের সুবিধার কথা বিবেচনা করে, এর ব্যতীক্রম হবে যখন এটা করা হয় ছেলেমেয়ের পিতামাতার অনুরোধের বিপরীতে, এবং যখন কোন সঙ্গীহীন তরুণ-তরুণীর ক্ষেত্রে করা হয় (Section III.A.1.a (ii));
- ব্যাখ্যা করে যে, গৃহহীন শিক্ষার্থীরা তাদের উৎস (মূল) স্কুলে থাকতে এবং জোনভুক্ত স্কুলের সাথে সম্পর্কযুক্ত থাকতে, এবং জোন স্কুল না থাকলে উপযুক্ত স্কুলে থাকতে পারবে, যদি এতে তাদের সর্বোচ্চ স্বার্থ সংরক্ষিত হয়, এমন কি সেগুলি যদি নিউ ইয়র্ক সিটির বাইরেও স্থানান্তরিত হয় ও সাময়িক বাসস্থানে বসবাস অব্যাহত থাকে (সেকশন III.A.1.a (ii));
- শিক্ষার্থীদের সর্বোচ্চ স্বার্থের সংজ্ঞা নির্ধারণে যেসব শিক্ষার্থী-কেন্দ্রীক বিষয়াবলি অবশ্যই বিবেচনা করতে হবে, তার ব্যাখ্যা দেয় (সেকশন III.A.1.a (iii));
- ব্যাখ্যা দেয় যে, যদি DOE নির্ধারণ করে যে, পিতামাতা বা সঙ্গীহীন তরুণ-তরুণী যে স্কুলের জন্য অনুরোধ জানাচ্ছেন, সেটা শিক্ষার্থীর সর্বোচ্চ স্বার্থ সংরক্ষণ করে না, এবং বিবাদ মীমাংসা প্রক্রিয়া ও নিয়মিত আপিল প্রক্রিয়া যা পিতামাতা বা সঙ্গীহীন তরুণ-তরুণী ব্যবহার করতে পারবেন, এবং প্রকাশ করে যে, যদি আপিল বিবেচনাধীন সময়ে শিক্ষার্থীকে অবশ্যই পিতামাতা বা সঙ্গীহীন তরুণ-তরুণী যেখানে ভর্তির অনুরোধ করেছেন, আসন খালি থাকা এবং শিক্ষার্থী কর্তৃক যোগ্যতার

শর্ত পূরণ সাপেক্ষে শিক্ষার্থীকে সেখানে ভর্তি করতে হবে, এবং যাতায়াত সুবিধা প্রদান করতে হবে (সেকশন III.A.1.a (iv), (v) এবং (vi));

- প্রকাশ করে যে, দায়িত্বপ্রাপ্ত স্কুলকে আসন খালি থাকা সাপেক্ষে অবশ্যই অবিলম্বে গৃহহীন ছেলেমেয়েকে ভর্তি করতে হবে, এবং শিক্ষার্থী যোগ্যতার শর্ত পূরণ করে, এমন কি ছেলেমেয়ে বা তরুণ-তরুণী যদি সাধারণভাবে ভর্তিকালে যেসব রেকর্ড প্রয়োজন হয়, সেগুলো দিতে ব্যর্থ হলেও (সেকশন III.A.1.a (vi));
- ডিস্ট্রিক্ট 75-এর কোন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর পিতামাতার সন্তানকে বর্তমান অবস্থানের কোন স্কুলে বদলি করার প্রক্রিয়া ব্যাখ্যা করে (সেকশনIII.B);
- গৃহহীন শিক্ষার্থীদের অধিকার বর্ণনা করে, যাতে এগুলো অন্তর্ভুক্ত, তবে তা এতেই সীমাবদ্ধ নয়: কোন স্কুলে ভর্তির পর সে স্কুলের চূড়ান্ত গ্রেড পর্যন্ত সেখানে অবস্থান করার, যদি পরিবারের কেউ নিউ ইয়র্ক শহরে বসবাস করে; যদি কোন গৃহহীন শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটির বাইরে স্থায়ী আবাসনে স্থানান্তরিত হয়, তাহলে শিক্ষার্থীটি যে স্কুল বছরে স্থায়ী আবাসনে স্থানান্তরিত হবে, সে স্কুল বছরের শেষ দিন পর্যন্ত একই স্কুলে ভর্তি থাকতে পারে এবং পরবর্তী স্কুল বছর যদি হয় শিক্ষার্থীর চূড়ান্ত বছর, তাহলে সে আরও এক বছর সেখানে থাকতে পারবে; একজন গৃহহীন শিক্ষার্থীর অধিকার আছে তার উৎস স্কুলে ভর্তি থাকার, এমন কি শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটির বাইরে অবস্থিত কোন অস্থায়ী আবাসনে স্থানান্তরিত হওয়ার পরও গৃহহীন থাকাকালে পরবর্তী স্তরের গ্রেডবন্ধনীতে তাদের স্থায়ী আবাসনে থাকা সহপাঠীদের পাশাপাশি শিক্ষার্থীদের মতো সম্পর্কযুক্ত থাকার, এবং/অথবা গৃহহীন থাকাকালে ভিন্ন একটি DOE স্কুলে বদলি হওয়ার (সেকশন III.A.2(g) & (h));
- স্কুলসমূহকে ভর্তির ক্ষেত্রে যেসব সহায়তা দিতে হবে, সেগুলোর বর্ণনা দেয়, যার অন্তর্ভুক্ত আছে শিক্ষার্থী সর্বশেষ যে স্কুলে ভর্তি ছিলো, প্রাতিষ্ঠানিক ও অন্যান্য রেকর্ডের জন্য সে স্কুলের সাথে অবিলম্বে যোগাযোগ করা, (সেকশন III.B.2);
- ব্যাখ্যা দেয় যে, গৃহহীন শিক্ষার্থীদের অধিকার আছে সাধারণভাবে ভর্তি হতে প্রয়োজন যেসব রেকর্ড-এর, সেগুলো না থাকলেও প্রিস্কুলে যাওয়ার, এবং ব্যাখ্যা করে যে, গৃহহীন ছেলেমেয়েদের জন্য ডিস্ট্রিক্ট প্রি-K প্রোগ্রামে ক্লাসের আকৃতির তারতম্যের সুযোগ পাওয়া যেতে পারে (সেকশন III.C.);
- ব্যাখ্যা দেয় যে, গৃহহীন শিক্ষার্থীদের আবাসিক এলাকায় যখন কোন জোন স্কুল থাকে না, কিংবা যখন জোন স্কুলে কোন আসন খালি থাকে না, তখন শিক্ষার্থীকে বাড়তি শিক্ষার্থীদের জন্য নির্ধারিত স্কুলে বা আশেপাশের অন্য স্কুলে ভর্তি করতে হবে (সেকশন III.A.1.a (iv));
- বিবাদ মীমাংসা বা প্রক্রিয়ার ব্যাখ্যা দেয় এবং এই প্রক্রিয়ায় STH রিজিওন্যাল ম্যানেজার ও স্কুল-ভিত্তিক STH লিয়াজোঁ যেসব দায়িত্ব পালন করেন, তার বর্ণনা দেয় (সেকশন IV.A & B)।
- ব্যাখ্যা করে যে, স্থায়ী আবাসনের শিক্ষার্থীদেরকে দেওয়া পরিষেবা ও শিক্ষামূলক কর্মকাণ্ডের তুলনীয় সুযোগ গৃহহীন শিক্ষার্থীদেরকে অবশ্যই দিতে হবে, যার অন্তর্ভুক্ত আছে প্রাতিষ্ঠানিক ও পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ড ও কলেজ কাউন্সেলিং, তবে তা এতেই সীমাবদ্ধ নয় (সেকশন V.A);
- গার্হস্থ নির্যাতিত আশ্রয়কেন্দ্রে বসবাসরত শিক্ষার্থীদের সুরক্ষার সামঞ্জস্যপূর্ণ নিশ্চয়তাসহ গৃহহীন শিক্ষার্থীদের যেসব গোপনীয়তার অধিকার আছে, সেটার বর্ণনা দেয় (সেকশন V.B);

- ব্যাখ্যা দেয় যে, প্রিস্কুল থেকে 12 গ্রেড পর্যন্ত সকল গৃহহীন শিক্ষার্থী গৃহহীন থাকাকালে, স্থায়ী আবাসনে স্থানান্তর হবে যে স্কুল বছরে, তার অবশিষ্ট দিন পর্যন্ত, ফ্রি যাতায়াত সুবিধা লাভ করবে, এবং পরবর্তী স্কুল বছর যদি হয় স্কুলটিতে শিক্ষার্থীর চূড়ান্ত বছর, তাহলে সে আরও এক বছর সেখানে থাকতে পারবে (সেকশন VII);
- প্রকাশ করে যে, আশ্রয়কেন্দ্রে বসবাসরত K-6 গ্রেডের গৃহহীন শিক্ষার্থীদের অফিস অভ পিউপল ট্রান্সপোর্টেশন ("OPT") পাবলিক ট্রান্সপোর্টেশন (গণপরিবহন) ছাড়া বাস সার্ভিস বা কিংবা যাতায়াতের তুল্য বিকল্প ব্যবস্থা প্রদান করবে, এবং যদি আশ্রয়কেন্দ্রের কোন গৃহহীন শিক্ষার্থীর পিতামাতা হলুদ বাস সার্ভিস প্রত্যাখ্যান করেন, শিক্ষার্থী, এবং প্রযোজ্য ক্ষেত্রে পিতামাতাও একটি মেট্রোকার্ড লাভের যোগ্য হবেন (সেকশন VII.A);
- প্রকাশ করে যে, যেসব গৃহহীন শিক্ষার্থী কোন আশ্রয়কেন্দ্রে বসবাস করে না এবং যারা K-6 গ্রেডে বা প্রিস্কুলে আছে, অনুরোধসাপেক্ষে তাদের স্কুল-ভিত্তিক STH লিয়াজোঁ বা STH রিজিওন্যাল ম্যানেজার OPT-এর সাথে সমন্বয় করে কোন স্কুল বাস রুট আছে কিনা (অর্থাৎ এ ধরনের যাতায়াত সুবিধার জন্য যথাযথ কোন বাস রুট বিদ্যমান আছে কি নেই) কিংবা একটি তুল্য বিকল্প যাতায়াতের ব্যবস্থা পাওয়া যায় কিনা, খুঁজে দেখবেন (সেকশন VII.B);
- প্রকাশ করে যে, গৃহহীন শিক্ষার্থী, যারা প্রিস্কুলে পড়ে, তাদেরও যাতায়াত সুবিধা পাওয়ার অধিকার আছে এবং তারা হয় হলুদ বাস পরিবহন (এ ধরনের সার্ভিসের জন্য যথাযথ রুট বিদ্যমান থাকলে) কিংবা যদি তারা সাবওয়ে ও লোকাল বাসে ফ্রি চড়তে হলে MTA প্রবিধানের শর্তানুযায়ী যে উচ্চতা থাকতে হবে, সেটা অতিক্রম করে থাকলে সে একটি মেট্রোকার্ড পাবে। এ ছাড়াও, তাদের পিতামাতা একটি মেট্রোকার্ড পাবেন (সেকশন VII.E);
- এটা প্রকাশ করে যে, K-6 গ্রেডের যেসব গৃহহীন শিক্ষার্থী স্কুলে যাতায়াতের জন্য একটি মেট্রোকার্ড পায় কিংবা যারা ফ্রি পাবলিক ট্রান্সপোর্টেশনে যাতায়াত করতে পারে, তাদের পিতামাতা সন্তানকে স্কুলে আনা-নেওয়ার জন্য একটি মেট্রোকার্ড পাওয়ার যোগ্য (সেকশন VII.F);
- ব্যাখ্যা দেয় যে, যদি কোন গৃহহীন পরিবার স্থায়ী আবাসনে স্থানান্তরিত হয়, ফ্যামেলি অ্যাসিস্ট্যান্ট বা স্কুল-বেজড্ STH লিয়াজোঁকে পিতামাতাদেরকে জানাতে হবে যে, তারা যদি নিউ ইয়র্ক সিটিতে স্থায়ী আবাসনে স্থানান্তরিত হয়, তাহলে তাদের ছেলেমেয়ের অধিকার আছে তাদের চলমান স্কুলের শেষ গ্রেড পর্যন্ত সেখানে থেকে যাওয়ার, এবং যদি পরিবার নিউ ইয়র্ক সিটির বাইরে কোন স্থায়ী বাসস্থানে স্থানান্তরিত হয়, তাদের ছেলেমেয়ের অধিকার আছে তাদের বর্তমান স্কুলে স্কুল বছরটির অবশিষ্ট দিনগুলোর জন্য এবং বছরটি শিক্ষার্থীর জন্য সে স্কুলে শেষ বছর হলে স্কুলটিতে আরও এক বছর অবস্থান করার (সেকশন VIII);
- স্পষ্ট করে যে, গৃহহীন শিক্ষার্থীরা যদি স্থায়ী বাসস্থানে স্থানান্তরিত হয়, তারা এবং তাদের পিতামাতা, প্রযোজ্য ক্ষেত্রে, তাদের পিতামাতাদের অধিকার থাকবে স্কুল বছরের সমাপ্তি পর্যন্ত, এবং স্কুলটিতে সে বছর শিক্ষার্থীর শেষ বছর হলে আরও এক বছর স্কুলে যাতায়াত সুবিধা লাভের করার (সেকশন VIII); এবং
- এ প্রবিধান সংক্রান্ত কোন প্রশ্নের উত্তর পিতামাতা কোথায় পাবেন, তার তথ্য হালনাগাদ করে (সেকশন IX)।

Department of Education

**চ্যান্সেলরের প্রবিধান**

নম্বর: A-780

বিষয়: অস্থায়ী আবাসনের শিক্ষার্থী

শ্রেণীবিভাগ: শিক্ষার্থী

ইস্যুর তারিখ: 18 এপ্রিল, 2019

**সারসংক্ষেপ**

ম্যাককিনি-ভিন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্ট অভ 2001 ("McKinney-Vento Act"), যা এভরি স্টুডেন্ট সাকসিডস্ অ্যাক্ট অভ 2015 ("ESSA") দ্বারা পরিবর্তিত হয়েছে, সে অনুযায়ী গৃহহীন শিক্ষার্থী ও তরুণ-তরুণীদের বিনাবেতনে যথোপযুক্ত সরকারি শিক্ষা (পাবলিক এডুকেশন) লাভের সমান নিশ্চয়তা আছে, যা কম্যুনিটির স্থায়ী আবাসনের শিক্ষার্থীদের প্রদান করা হয়। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন ("DOE") একটি লোকাল এডুকেশন্যাল এজেন্সি (স্থানীয় শিক্ষাগত প্রতিষ্ঠানি, "LEA") যা নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ প্রদত্ত শিক্ষায় ম্যাককিনি-ভিন্টো অ্যাক্ট-এর শর্ত বাস্তবায়ন ও সমন্বয়ের জন্য দায়বদ্ধ। যেসব শিক্ষার্থী সাময়িক আবাসনে বসবাস করে, তাদেরকে কোনভাবেই মূলধারার স্কুলের পরিবেশ থেকে আলাদা করা যাবে না কিংবা বসবাসের স্থানের ভিত্তিতে তাদেরকে হেয় করা যাবে না। DOE যে সার্ভিস বা প্রোগ্রামের সুযোগ দেয় (এর অন্তর্ভুক্ত আছে স্কুলের খাবার এবং স্কুল শুরুর আগে ও স্কুলের শেষের প্রোগ্রাম), গৃহহীন ছেলেমেয়ে ও তরুণ-তরুণীদেরও তার সুযোগ থাকতে হবে, যেভাবে তা স্থায়ী বাসস্থানের ছেলেমেয়ে ও তরুণ-তরুণীদের দেওয়া হয়ে থাকে।

## I. সংজ্ঞা

A. **গৃহহীন (Homeless)**[1] **ছেলেমেয়ে** বলতে বুঝায় এমন ছেলেমেয়ে, যার অন্তর্ভুক্ত আছে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী, যাদের স্থায়ী, নিয়মিত এবং পর্যাপ্ত রাতযাপনের ব্যবস্থার অভাব আছে। এর অন্তর্ভুক্ত আছে সেসব ছেলেমেয়ে যারা:

1. আর্থিক দুর্দশার অথবা এধরনের অন্য কোন কারণে অন্য কারও সাথে ভাগাভাগি করে বাস করছে ("ডাবলড্ আপ" নামে অভিহিত), অথবা বসবাসের পর্যাপ্ত বিকল্প বন্দোবস্ত না থাকায় কোন মোটেল, হোটেল, ট্রেইলার পার্ক কিংবা কোন ক্যাম্প-গ্রাউন্ডে বসবাস করছে; অথবা
2. জরুরি বা পরিবর্তনকালীন পরিস্থিতিতে অস্থায়ী থাকার জায়গা হিসোবে পরিকল্পিত সরকারি বা বেসরকারি পরিচালনাধীন ভর্তুকিপ্রাপ্ত আশ্রয়ে (কমার্শিয়াল হোটেল, গণ-আশ্রয়কেন্দ্র, গার্হস্থ্য নির্যাতনের শিকারদের জন্য আবাসিক কর্মসূচি এবং মানসিক অসুস্থদের জন্য সাময়িক ব্যবস্থাসহ) থাকছে; অথবা
3. কোন হাসপাতালে পরিত্যক্ত; কিংবা

[1] এই প্রবিধান অনুযায়ী "গৃহহীন" শব্দের সংজ্ঞার উদ্দেশ্য শুধু এভরি স্টুডেন্ট সাকসিডস্ অ্যাক্ট দ্বারা সংশোধিত ম্যাককিনি-ভিন্টো অ্যাক্ট বাস্তবায়ন করা, এবং এসব আইনের সুপারিশকৃত অধিকারের বাইরে কোন অধিকার প্রদান বলে ধরে নেয়া যাবে না।

4. কোন সরকারি বা বেসরকারি স্থানে থাকছে যেটি একটি নিয়মিত নিদ্রাস্থল হিসাবে পরিকল্পিত হয়নি বা সাধারণত ব্যবহার হয় না; অথবা
5. গাড়ি, পার্ক, বারোয়ারি স্থান, পরিত্যক্ত বাড়ি, অনুপযোগী বাড়ি, বাস অথবা ট্রেন স্টেশন, কিংবা এধরনের পরিবেশে বসবাস করছে।

B. **ছেলেমেয়ে এবং শিক্ষার্থী** - "ছেলেমেয়ে" বা "শিক্ষার্থী" শব্দগুলো সেসব ব্যক্তিদের অন্তর্ভুক্ত করে, যারা স্টেটের বাসিন্দাদের ছেলেমেয়ে, তাদের বিনাবেতনে শিক্ষালাভের অধিকার রয়েছে। শিক্ষার্থীর অন্তর্ভুক্ত আছে প্রিস্কুল শিক্ষার্থী এবং K-12 গ্রেডের শিক্ষার্থী, এদের মধ্যে আছে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী, 3 এবং 21 বছর বয়সীদের যারা হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হয়নি। এছাড়াও ছেলেমেয়ের অন্তর্ভুক্ত আছে সঙ্গীহীন তরুণ-তরুণী, যার সংজ্ঞা নিচে দেওয়া হলো।

C. **সঙ্গীহীন তরুণ-তরুণী** শব্দ দ্বারা বুঝানো হয় উপরে দেওয়া গৃহহীন-এর সংজ্ঞার শর্ত পূরণকারী বাস্তব কোন পিতামাতার[2] কর্তৃত্বাধীন নয়, এমন তরুণ-তরুণী, এর অন্তর্ভুক্ত আছে, কিন্তু তা গৃহত্যাগী এবং গৃহহীন তরুণ-তরুণীদের আবাসন কর্মসূচিতে বসবাসকারী তরুণ-তরুণী এবং কোন দায়িত্বগ্রহণকারী কোন প্রাপ্তবয়স্কের তত্ত্বাবধান ছাড়া ভাগাভাগি করে বাস করার মতো পরিবেশে অবস্থানকারী তরুণ-তরুণীদের মধ্যে সীমাবদ্ধ নয়।

D. **স্কুল অভ অরিজিন** বলতে বুঝায় সেই স্কুল, ছেলেমেয়ে স্থায়ী বাসস্থানে থাকাকালে সর্বশেষ যে স্কুলে ভর্তি ছিলো, এর অন্তর্ভুক্ত আছে প্রিস্কুল, এবং তা উৎস স্কুল থেকে পরবর্তী গ্রেড স্তরের জন্য নির্ধারিত গ্রাহক স্কুলকে অন্তর্ভুক্ত করে, যদি শিক্ষার্থী গৃহহীন থাকাকালে উৎস স্কুলে চূড়ান্ত গ্রেড সম্পন্ন করে থাকে।

E. বর্তমান অবস্থানের স্কুল বলতে বুঝায় সে স্কুল যা শিক্ষার্থী বাস্তবে যেখানে বসবাস করছে, সে এলাকার জন্য নির্ধারিত জোন স্কুল, কিংবা সেসব ছেলেমেয়েদের মতো একই এলাকার অন্যান্য শিক্ষার্থী যেখানে ভর্তির জন্য যোগ্য।

F. **ফ্যামেলি অ্যাসিস্ট্যান্ট** বলতে বুঝায় গৃহহীন শিক্ষার্থী ও পরিবারসমূহকে সহায়তা প্রদানের জন্য আশ্রয়কেন্দ্র ও স্কুলের দায়িত্বে নিযুক্ত স্টাফ। ফ্যামিলি অ্যাসিস্ট্যান্টগণ শিক্ষার্থীদেরকে ম্যাককিনি-ভিন্টো অ্যাক্ট-এর অধীনে শিক্ষার্থীদের স্কুলে ভর্তি হতে বা স্কুল থেকে বদলি হতে, যাতায়াত সুবিধার ব্যবস্থা করতে সহায়তা করেন।

G. **স্কুল-বেজড্ স্টুডেন্ট ইন টেম্পোরারি হাউজিং ("STH") লিয়াজোঁ** (সাময়িক আবাসনে থাকা শিক্ষার্থী সমন্বয়ক) বলতে সে ব্যক্তি (ব্যক্তিদের) বুঝায়, স্কুলের অভ্যন্তরে যিনি নিশ্চিত করেন যে, স্কুলটিতে সংশোধিত ম্যাককিনি-ভিন্টো অ্যাক্ট মেনে পরিষেবা প্রদান করা হচ্ছে।

H. **রিজিওন্যাল STH ম্যানেজার** (আঞ্চলিক STH ব্যাবস্থাপক) বলতে বুঝায় সে হোমলেস লিয়াজোঁকে, যিনি নিশ্চিত করেন যে DOE-এর প্রদান করা পরিষেবা সংশোধিত ম্যাককিনি-ভিন্টো অ্যাক্ট মেনে প্রদান করা হচ্ছে, এবং তিনি গৃহহীন হওয়ার কারণে সৃষ্ট শিক্ষাগত প্রতিবন্ধকতা দূর করার জন্য কাজ করেন।

---

[2] এই প্রবিধানে "প্যারেন্ট" শব্দটি ব্যবহার করা হয়েছে শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক, কিংবা অন্য যে কোন ব্যক্তি, যার সাথে শিক্ষার্থীর পিতামাতাসুলভ বা তত্ত্বাবধানমুলক সম্পর্ক রয়েছে এমন ব্যক্তিকে বুঝাতে। পিতামাতার সংজ্ঞার অন্তর্ভুক্ত আছে: জন্মদাতা বা পালক পিতামাতা, সৎ-পিতামাতা, আইনি নিযুক্ত অভিভাবক, পালক পিতামাতা ও স্কুলে ভর্তি ছেলেমেয়ের সাথে "পিতামাতাসুলভ সম্পর্কে" আবদ্ধ ব্যক্তি। "পিতামাতার সম্পর্কে আবদ্ধ" ব্যক্তি বলতে বুঝায় এমন কোন ব্যক্তিকে, যে ব্যক্তি পিতামাতার কারাদণ্ড, মানসিক অসুস্থতা, স্টেটের বাইরে অবস্থান, সন্তানকে পরিত্যাগ করা বা এরকম অন্য কোন কারণে সন্তানের কাছে পিতামাতা বা অভিভাবক উপস্থিত না থাকায় তার দায়িত্ব গ্রহণ করেছেন।

## II. গৃহহীন শিক্ষার্থীদের সনাক্তকরণ

A. স্কুলগুলোকে সহজে চোখে পড়ে এমন স্থানে পোস্টার দিতে হবে যা গৃহহীন শিক্ষার্থীদের অধিকার প্রতিষ্ঠা করে এমনভাবে ও এমন মাধ্যমে, যা বোধগম্য, এবং যা স্কুল-বেজড STH লিয়াজোঁ-এর তথ্য প্রদান করে। বাড়তি পোস্টারের জন্য স্কুলগুলোকে তাদের স্কুল-বেজড STH লিয়াজোঁ-এর সাথে যোগাযোগ করতে হবে।

B. কোন শিক্ষার্থীকে গৃহহীন বা গৃহহীন শিক্ষার্থী হতে পারে বলে যার সাহায্যের প্রয়োজন আছে স্কুলের কোন স্টাফের এমন মনে হলে তাকে স্কুল-বেজড STH লিয়াজোঁ-এর যোগাযোগ করতে হবে।

C. কোন স্কুল স্টাফ যদি উপলব্ধি করেন যে একজন শিক্ষার্থী গৃহহীন, তাহলে সে স্টাফকে শিক্ষার্থী বা পরিবারকে একটি তথ্যমূলক নির্দেশিকা 'ম্যাককিনি-ভিন্টো অ্যাক্ট গাইড ফর প্যারেন্টস্' দেবেন যা গৃহহীন শিক্ষার্থীদের মৌলিক অধিকার সম্পর্কে ধারণা দেয় (সংযুক্তি নং 1 হিসেবে এই প্রবিধানে দেওয়া আছে)। এই গাইড মওজুদ রাখতে হবে, অন্তত স্কুল-ভিত্তিক লিয়াজোঁ এবং প্যারেন্ট কোঅরডিনেটরের অফিসে এবং অনলাইনে নিম্নোল্লিখিত স্থানে: https://www.schools.nyc.gov/school-life/special-situations/students-in-temporary-housing.

D. ফ্যামিলি অ্যাসিস্ট্যান্টদেরকে ম্যাককিনি-ভিন্টো অ্যাক্ট গাইড ফর প্যারেন্ট পিতামাতাদের জন্য গৃহহীন আশ্রয়কেন্দ্রে মওজুদ রাখতে হবে।

E. হাউজিং কোয়েশ্চনেয়ার: স্কুলগুলোকে অবশ্যই সকল নবাগত তালিকাভুক্ত শিক্ষার্থী ও যেসব শিক্ষার্থী স্কুল বছরটিতে তাদের ঠিকানা পরিবর্তন করেছে, তাদেরকে হাউজিং কোয়েশ্চনেয়ার (আবাসন সংক্রান্ত প্রশ্নাবলি, এই প্রবিধানের অ্যাটাচমেন্ট নং 2 হিসেবে সংযুক্ত) সরবরাহ করতে হবে। পরিবারসমূহ যাতে ফর্মটি অবশ্যই পূরণ করে, স্কুলকে সেটা নিশ্চিত করতে হবে এবং তারপর শিক্ষার্থী যে গৃহহীন, সে তথ্য ATS-এ শিক্ষার্থীর জীবনবৃত্তান্তের পৃষ্ঠায় দিতে এবং উপযুক্ত স্থানগুলোতে পরিবর্তন সাধন করতে হবে। হাউজিং কোয়েশ্চনেয়ার স্কুলে, মওজুদ রাখতে হবে, অন্তত স্কুল-ভিত্তিক লিয়াজোঁ এবং প্যারেন্ট কোঅরডিনেটরের অফিসে এবং অনলাইনে নিম্নোল্লিখিত স্থানে: https://www.schools.nyc.gov/school-life/special-situations/students-in-temporary-housing.

F. যেসব ছেলেমেয়েকে স্পেশাল এডুকেশনের মূল্যায়নের জন্য পাঠানো হয়, কমিটিজ অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) সেসব ছেলেমেয়েদের পরিবারকে 'হাউজিং কোয়েশেনেয়ার' যাতে প্রদান করে অথবা প্রদানের জন্য তৃতীয় পক্ষকে নির্দেশনা দেয় ও পরিবারের জন্য যেন তা পূরণ করে দেওয়া বাধ্যতামূলক করে।

## III. স্কুলে ভর্তি

গৃহহীন ছেলেমেয়ে ও তরুণ-তরুণীদেরকে পাবলিক প্রিস্কুল এডুকেশনসহ ফ্রি শিক্ষালাভের সমান সুযোগ অবশ্যই দিতে হবে, যে সুযোগ নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ অন্যান্য ছেলেমেয়ে ও তরুণ-তরুণী পেয়ে থাকে, এবং তাদেরকে মূলধারার স্কুল পরিবেশ থেকে আলাদা করা যাবে আ। গৃহহীন ছেলেমেয়ে ও তরুণ-তরুণীদেরকে অবশ্যই ভর্তি করতে হবে, এমনকি গৃহহীন থাকাকালে আবেদনের বা ভর্তির নির্ধারিত সময় পার হয়ে গেলেও অবশ্যই স্কুলে ভর্তি করতে হবে।

A. স্কুল বাছাই

1. গৃহহীন শিক্ষার্থী, যার জন্য দায়বদ্ধ স্কুল ডিস্ট্রিক্ট হলো নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্ট, সে নিম্নলিখিত স্কুলগুলোতে ভর্তি হওয়ার যোগ্য

   a. স্কুল অভ অরিজিন (উৎস স্কুল) কিংবা বর্তমান অবস্থানের কোন স্কুল।[3]

      i. গৃহহীন শিক্ষার্থীদের ক্ষেত্রে যাতে স্থায়ীভাবে বসবাসরত নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্টের শিক্ষার্থীদের অনুরূপ ভর্তি পদ্ধতি অনুসরণ করা হয়, সেটা প্রকাশ করে, যার ব্যতীক্রম হলো সেসব গৃহহীন শিক্ষার্থী, ভর্তির জন্য সাধারণত প্রয়োজন হয় যেসব নথির, সেগুলো যাদের নেই, তবে তাদেরকে অবশ্যই অবিলম্বে স্কুলে ভর্তি করে নিতে হবে।

      ii. একজন গৃহহীন ছেলেমেয়ে হয় তার উৎস (স্কুল অভ অরিজিন) স্কুলে থাকতে পারে অথবা নতুন স্কুলে বদলি নিতে পারে, যেটির জন্য সাময়িক আবাসিক অবস্থানের ভিত্তিতে তার উপযুক্ততা আছে, এবং প্রযোজ্য ক্ষেত্রে, যেটির জন্য সে ভর্তির মানদণ্ড পূরণ করে। ছেলেমেয়ে কোথায় স্কুলে যাবে, সেটা বেছে নেওয়া, অর্থাৎ একজন গৃহহীন শিক্ষার্থী স্কুল পরিবর্তন করবে, না তার উৎস স্কুলে থেকে যাবে, সেটা নির্ধারিত হবে শিক্ষার্থীর "বেস্ট ইন্টারেস্ট" (সবচেয়ে ভালো) যা, সেটার কথা বিবেচনা করে। এটা ধরে নিতে হবে যে উৎস স্কুলে ছেলেমেয়ে বা তরুণ-তরুণীদের ধরে রাখা হতে পারে ছেলেমেয়েদের সুবিধার কথা বিবেচনা করে, এর ব্যতীক্রম হবে যখন এটা করা হয় ছেলেমেয়ের পিতামাতার অনুরোধের বিপরীতে, অথবা যখন কোন সঙ্গীহীন তরুণ-তরুণীর ক্ষেত্রে করা হয়। যদি শিক্ষার্থী তার উৎস স্কুলে থেকে যায়, তাহলে সে শিক্ষার্থীর অধিকার আছে সংশ্লিষ্ট জোন স্কুলে, এবং কোন জোন স্কুল না থাকলে একটি উপযুক্ত স্কুলে গ্রন্থিবদ্ধ (আর্টিকুলেট) থাকার।

      iii. সবচেয়ে ভালো কীসে হয়, সেটা নির্ধারণ করার জন্য শিক্ষার্থী কোথায় স্কুলে যাবে, সে ব্যাপারে গৃহহীন শিক্ষার্থীর পিতামাতা বা তরুণ-তরুণী (সঙ্গীহীন তরুণ-তরুণীর ক্ষেত্রে) যে সিদ্ধান্ত নিয়েছেন, সেটা ছেলেমেয়ের বা তরুণ-তরুণীর জন্য সবচেয়ে ভালোর সাথে সঙ্গতিপূর্ণ কিনা, DOE-কে অবশ্যই নির্ধারণ করতে নিম্নলিখিত উপায়ে:

   - এই ধরে নিয়ে যে, গৃহহীন শিক্ষার্থী বা তরুণ-তরুণীকে উৎস স্কুলে রেখে দিলে তা হবে ছেলেমেয়ে বা তরুণ-তরুণীর জন্য সবচেয়ে ভালো; এবং
   - শিক্ষার্থী-কেন্দ্রীক বিষয়গুলোকে বিবেচনায় রেখে, যেগুলোর মধ্যে নিম্নলিখিতগুলো আছে, তবে তা এর মধ্যে সীমিত নয়, এগুলো হলো, ছেলেমেয়ে বা তরুণ-তরুণীর সাফল্য, শিক্ষা, স্বাস্থ্য ও নিরাপত্তায় চলাফেরার সুবিধার ভূমিকা, শিক্ষাথীর পিতামাতা বা অভিভাবক কিংবা তরুণ-তরুণীর (সঙ্গীহীন তরুণ-তরুণীর ক্ষেত্রে), পাশাপাশি ছেলেমেয়ের বয়স ও ছেলেমেয়ের ভাইবোনের স্কুলের অবস্থানের বিষয়টিকে অগ্রাধিকার দিয়ে।

---

[3] এই প্রবিধানের সেকশন I-এর ব্যাখ্যা অনুসারে উৎস স্কুল বলতে বোঝায় শিক্ষার্থী স্থায়ী বাসস্থানে থাকাকালে যে স্কুলটিতে পড়ছিলো অথবা শিক্ষার্থী কোন প্রি-স্কুল প্রোগ্রামসহ সর্বশেষ যে স্কুলে ভর্তি ছিলো, সেটি। বর্তমান অবস্থানের স্কুল বলতে বুঝায় সে স্কুল যা শিক্ষার্থী বাস্তবে যেখানে বসবাস করছে, সে এলাকার জন্য নির্ধারিত জোন স্কুল, কিংবা সেসব ছেলেমেয়েদের মতো একই এলাকার অন্যান্য শিক্ষার্থী যেখানে ভর্তির জন্য যোগ্য।

iv. সবচেয়ে ভালো কীসে হয় সেটা নির্ধারণ প্রক্রিয়া সম্পাদনের এবং শিক্ষার্থী-কেন্দ্রীক বিষয়গুলো বিবেচনার পর, DOE যদি সিদ্ধান্ত দেয় যে, পিতামাতা বা তরুণ-তরুণী (সঙ্গীহীন তরুণ-তরুণীর ক্ষেত্রে) যেখানে ভর্তি হতে আগ্রহী, সেটি শিক্ষার্থীর জন্য সবচেয়ে ভালো **নয়**, তাহলে DOE-কে অবশ্যই শিক্ষার্থীর পিতামাতাকে, সঙ্গীহীন তরুণ-তরুণীকে এ ধরণের সিদ্ধান্তের কারণ সম্পর্কে এমনভাবে এবং এমন মাধ্যমে একটি লিখিত ব্যাখ্যা দিতে হবে, যাতে তা পিতামাতাদের ও সঙ্গীহীন তরুণ-তরুণীর কাছে বোধগম্য হয়। এই লিখিত ব্যাখ্যাতে গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিলের অধিকারের কথা অবশ্যই উল্লেখ থাকতে হবে এবং তা যথাসময়ে দিতে হবে। (দ্বন্দ্ব মীমাংসা ও আপিল প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য নিচে সেকশন IV দেখুন।)

v. সবচেয়ে ভালো কীসে হবে, সে সিদ্ধান্তের ব্যাপারে কোন আপিল ঝুলন্ত থাকাকালে শিক্ষার্থী বা তরুণ-তরুণীকে অবশ্যই যে স্কুলে ভর্তির জন্য পিতামাতা বা সঙ্গীহীন তরুণ-তরুণী অনুরোধ করেছেন, আসন খালি থাকা ও শিক্ষার্থী বা তরুণ-তরুণীর যোগ্যতার শর্ত পূরণ করা সাপেক্ষে অবশ্যই সে স্কুলে ভর্তি করতে হবে।

vi. সংশ্লিষ্ট স্কুলকে অবশ্যই অবিলম্বে গৃহহীন শিক্ষার্থী বা তরুণ-তরুণীকে আসন খালি থাকা ও যোগ্যতার শর্ত পূরণ করা সাপেক্ষে ভর্তি করতে হবে, এমন কি শিক্ষার্থী বা তরুণ-তরুণী সাধারণভাবে ভর্তির জন্য প্রয়োজন যেসব নথিপত্র (যেমন ইম্যুনাইজেশন রেকর্ড, আবাসনের প্রমাণ, জন্মসনদ ইত্যাদি) ছেলেমেয়ে বা তরুণ-তরুণী গৃহহীন থাকাকালে সেগুলো দিতে না পারলেও, কিংবা আবেদনের সময়সীমা মানতে না পারলেও বা ফি বাকি থাকলেও তা করতে হবে। গৃহহীন ছেলেমেয়ে বা তরুণ-তরুণীকে নথিপত্র সংগ্রহ চলাকালে স্কুলের কর্মকাণ্ডে অবশ্যই পূর্ণ অংশগ্রহণ করতে দিতে হবে। ভর্তির জন্য গ্রাহক স্কুলকে অবিলম্বে অবশ্যই শিক্ষার্থীর সর্বশেষ ভর্তি থাকা স্কুলের সাথে প্রাতিষ্ঠানিক ও অন্যান্য রেকর্ডের জন্য যোগাযোগ করতে হবে।

b. যেসব ক্ষেত্রে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী ডিস্ট্রিক্ট 75-এর অন্তর্ভুক্ত বা সুপারিশকৃত হয়, এবং পিতামাতা চান যে শিক্ষার্থী বর্তমান এলাকার আশেপাশের কোন স্কুলে ভর্তি হোক, সেক্ষেত্রে স্কুল নির্ধারণ করবে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট অফিস। যদি কোন গৃহহীন শিক্ষার্থী স্পেশাল এডুকেশনের মূল্যায়নের প্রাথমিক পর্যায়ে, বার্ষিক পর্যালোচনা বা পূনর্মূল্যায়ন পর্যায়ে থাকাকালে স্কুল বদল করে, তাহলে মূল্যায়ন ও পর্যালোচনাকে সম্পন্ন করতে হবে সেই স্কুলটিকে, যেটিতে সে বর্তমানে রেজিস্টার্ড আছে।

2. গৃহহীন শিক্ষার্থীদের অধিকার:

a. স্থায়ী ঠিকানার অভাব গৃহহীন শিক্ষার্থীকে স্কুলে ভর্তি না করার আইনসঙ্গত ভিত্তি তৈরি করে না। গৃহহীন শিক্ষার্থীরা আসন খালি থাকা ও যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে, সাধারণভাবে ভর্তির জন্য প্রযোজ্য নথিপত্র ও রেকর্ড দিতে না পারলেও, নিউ ইয়র্ক স্কুল ডিস্ট্রিক্টের স্কুলে অবিলম্বে ভর্তি হওয়ার ও স্কুলে পড়ালেখা করার অধিকারী।

b. যে শিক্ষার্থী গৃহহীন হয়, চ্যান্সলরের প্রবিধান A-101-এর শর্তানুযায়ী তার অধিকার আছে অন্য পাবলিক স্কুলে, যেখানে সে ভর্তি হওয়ার মানদণ্ড পূরণ করে ও আসন খালি আছে, সেখানে বদলি হওয়ার।

c. হোমলেস হাই স্কুল শিক্ষার্থীদের অন্য স্কুলে বদলি হওয়ার ও ভর্তি হওয়ার জন্য যাতায়াত সমস্যা বা অন্য কোন দুর্ভোগের প্রমাণ দিতে হয় না।[4]

d. একজন শিক্ষার্থী তার উৎস স্কুল থাকবে, নাকি স্কুল বদল করবে, সেটা বেছে নেওয়ার সুযোগ গৃহহীন শিক্ষার্থী যতবার সাময়িক বাসস্থান পরিবর্তন করবে, ততবার উন্মুক্ত থাকবে।

e. গৃহহীন শিক্ষার্থীর নিয়মিত উপস্থিতি সর্বোচ্চ গুরুত্বপূর্ণ বিষয়, এবং DOE-কে অবশ্যই নিশ্চিত করার চেষ্টা করতে হবে যে, শিক্ষার্থী নিয়মিত স্কুলে যাচ্ছে। যদি কোন শিক্ষার্থীর উপস্থিতি অসংলগ্ন হয়, তাহলে স্কুলকে অবশ্যই লেখাপড়ার জন্য বিকল্প ব্যবস্থা গ্রহণ প্রয়োজন কিনা, সেটা নিশ্চিত হওয়ার জন্য পিতামাতা এবং ফ্যামেলি অ্যাসিস্ট্যান্ট এবং/অথবা স্কুল-বেজড্ STH লিয়াজোঁ-এর সাথে যোগাযোগ করতে হবে।

f. যেসব শিক্ষার্থী তাদের বর্তমান ঠিকানায় কোন স্কুল বদলি হয় না, তাদেরকে তাদের উৎস স্কুলে ধারাবাহিক শিক্ষা প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় সহায়তা দিতে হবে। যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে যাতায়াত সুবিধার (সেকশন VII-এ ব্যাখ্যা করা হয়েছে) ব্যবস্থাও ফ্যামিলি অ্যাসিস্ট্যান্ট, স্কুল-বেজড্ STH লিয়াজোঁ, কিংবা স্কুল-বেজড্ ট্রান্সপোর্টেশন লিয়াজোঁকে অবশ্যই করতে হবে।

g. চ্যান্সেলরের প্রবিধান A-101-এর ধারার সাথে সাঞ্জস্যবিধান সাপেক্ষ, কোন গৃহহীন শিক্ষার্থী একটি স্কুলে ভর্তি হওয়ার পর, স্কুলটিতে সে তার শেষ গ্রেড পর্যন্ত থাকতে পারবে, যদি সে নিউ ইয়র্ক সিটির অভ্যন্তরে বসবাস করে। যদি কোন গৃহহীন শিক্ষার্থী একটি DOE স্কুলে নিউ ইয়র্ক সিটির বাইরে স্থায়ী আবাসনে স্থানান্তরিত হয়, তাহলে সে শিক্ষার্থীর অধিকার আছে, যে স্কুল বছর সে স্থায়ী বাসস্থানে স্থানান্তরিত হবে, সে স্কুল বছরটির অবশিষ্ট দিনগুলোর জন্য, এবং স্কুলটিতে শিক্ষার্থীর সেটি চূড়ান্ত বছর হলে একই স্কুলে আরও এক বছর অবস্থান করার।

h. ESSA এবং চ্যান্সলরের প্রবিধান A-101 অনুযায়ী একজন গৃহহীন শিক্ষার্থীর অধিকার আছে তার উৎস স্কুলে অবস্থান করার, এমন কি শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটির বাইরে অবস্থিত কোন অস্থায়ী আবাসনে স্থানান্তরিত হওয়ার পরও গৃহহীন থাকাকালে পরবর্তী স্তরের গ্রেডবন্ধনীতে তাদের স্থায়ী আবাসনে থাকা সহপাঠীদের পাশাপাশি শিক্ষার্থীদের মতো সম্পর্কযুক্ত থাকার, এবং/অথবা গৃহহীন থাকাকালে ভিন্ন একটি DOE স্কুলে বদলি হওয়ার।

[4] যাতায়াতের সমস্যাজনিত বদলি কেবলমাত্র হাই স্কুলের বেলায় প্রযোজ্য।

B. ভর্তিতে সহায়তা

1. ফ্যামিলি অ্যাসিস্ট্যান্ট, কম্যুনিটি কোঅর্ডিনেটর, এবং স্কুল-বেজড্ STH লিয়াজোঁগণ পিতামাতাদেরকে চ্যান্সেলরের প্রবিধান A-101-এ প্রদত্ত নিয়ম অনুসারে সন্তানদের স্কুলে ভর্তি করতে সহায়তা প্রদান করেন এবং অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট-এর দ্বারা তা বাস্তাবায়িত হয়। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ গৃহহীন শিক্ষার্থীদেরকে স্কুলে ভর্তি ও স্কুল বদলির প্রয়োজনে ফ্যামিলি ওয়েলকাম সেন্টারসমূহে পাঠানো হতে পারে।

2. শিক্ষার্থীকে রেজিস্টার করার সময় সংশ্লিষ্ট স্কুলকে গৃহহীন শিক্ষার্থী ও তরুণ-তরুণীকে **অবিলম্বে ভর্তি করতে হবে,** এমন কি শিক্ষার্থী বা তরুণ-তরুণী সাধারণভাবে ভর্তির জন্য প্রয়োজন নথিপত্র, যার মধ্যে আছে: আবাসনের প্রমাণ; ট্রান্সক্রিপ্ট/স্কুলের রেকর্ড; ইম্যুনাইজেশন বা অন্যান্য স্বাস্থ্য বিষয়ক রেকর্ড; এবং জন্মসনদ, দিতে না পারলেও। ভর্তির জন্য গ্রাহক স্কুলকে অবিলম্বে অবশ্যই শিক্ষার্থীর সর্বশেষ ভর্তি থাকা স্কুলের সাথে প্রাতিষ্ঠানিক ও অন্যান্য রেকর্ডের জন্য যোগাযোগ করতে হবে। যদি ইম্যুনাইজেশন বা অন্যান্য অন্যান্য স্বাস্থ্য বিষয়ক রেকর্ড সংগ্রহ করা সম্ভব না হয়, তাহলে পিতামাতাকে স্কুল-বেজড্ STH লিয়াজোঁ-এর সাথে আলোচনাক্রমে সহায়তার জন্য ওয়াক-ইন ইম্যুনাইজেশন ক্লিনিকে পাঠাতে হবে। যদি শিক্ষার্থীর সর্বশেষ ভর্তি থাকা স্কুল থেকে জন্মসনদ বা অন্য কোন রেকর্ড না পাওয়া যায়, তাহলে ফ্যামিলি অ্যাসিস্ট্যান্ট, স্কুল-বেজড্ STH লিয়াজোঁ, এবং স্কুল স্টাফদেরকে পিতামাতা বা সঙ্গীহীন তরুণ-তরুণীকে এসব নথি সংগ্রহে সহায়তা দিতে হবে।

C. প্রিস্কুল

সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এ স্থায়ী বাসস্থানের বসবাসরত শিক্ষার্থীদের জন্য লভ্য থাকা ও শূন্য আসন বিদ্যমান থাকা সাপেক্ষে, এবং সাধারণভাবে ভর্তি হতে আবশ্যক কাগজপত্র (যেমন ইম্যুনাইজেশন রেকর্ড, আবসনের প্রমাণ, জন্মসনদ) না থাকলেও গৃহহীন ছেলেমেয়েদের অধিকার আছে অবিলম্বে প্রিস্কুল ক্লাসে ভর্তি হওয়ার। একটি গৃহহীন শিক্ষার্থীকে স্থান দেওয়ার জন্য প্রি-K ক্লাসরুমে শিক্ষার্থী সংখ্যার তারতম্য করা হয়ে পারে যা অন্যথায় পূর্ণ বলে বিবেচিত হয়। সাময়িক আবাসনে থাকা প্রিস্কুল শিক্ষার্থীরা যাতায়াত সুবিধা পাওয়ার অধিকারী। (নিচে সেকশন VII দেখুন।)

## IV. দ্বন্দ্ব নিরসন ও আপিল প্রক্রিয়া

A. দ্বন্দ্ব নিরসন প্রক্রিয়া

শিক্ষার্থী তাদের উৎস স্কুলে থাকবে, নাকি একটি নতুন স্কুলে বদলি হবে, শিক্ষার্থীর গৃহহীন অবস্থা, কিংবা শিক্ষার্থী যাতায়াত সুবিধা পাবে কিনা, ইত্যাদি নিয়ে যখন DOE-এর সাথে কোন গৃহহীন শিক্ষার্থীর পিতামাতা বা সঙ্গীহীন তরুণ-তরুণীর মতভিন্নতা দেখা দেবে, তখন নিচের নিয়মগুলো প্রযোজ্য হবে:

1. নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট ("SED")-এ নিয়মিত আপিল ছাড়া দ্বন্দ্ব নিরসনের সর্বতো উদ্যোগ নেওয়া নিতে হবে। যখন কোন দ্বন্দ্ব দেখা দেবে যাতে স্কুল বাছাই, গৃহহীন হিসেবে বিবেচিত হ ওয়া, অথবা যাতায়াত সুবিধা নিয়ে, DOE-কে তখন দ্বন্দ্বের চূড়ান্ত নিষ্পত্তির জন্য অপেক্ষায় থাকাকালে, শিক্ষার্থীর যোগ্যতার শর্ত পূরণ করা ও শূন্য আসন থাকা সাপেক্ষে অবশ্যই পিতামাতার বা সঙ্গীহীন তরুণ-তরুণীর ক্ষেত্রে শিক্ষার্থীর বেছে নেওয়া স্কুলে শিক্ষার্থীকে ভর্তি করতে ও যাতায়াত সুবিধা প্রদান করতে হবে।

2. যদি অল্প সময়ের মধ্যে একমত হওয়া না যায়, তাহলে শিক্ষার্থী/পিতামাতাকে স্কুল-বেজড্ STH লিয়াজোঁ বা ফ্যামিলি অ্যাসিস্ট্যান্ট-এর সাথে আলোচনা সাপেক্ষে পিতামাতাকে STH রিজিওন্যাল ম্যানেজারের (কিংবা স্থলাভিষিক্ত ব্যক্তির) কাছে যেতে সুপারিশ করে পাঠাতে হবে, যিনি ঘটনাটির তদন্ত করবেন এবং অফিস অভ

স্টুডেন্ট এনরোলমেন্ট-এর সাথে ভর্তির বিষয়ে এবং অফিস অভ পিউপল ট্রান্সপোর্টেশন (“OPT”)-এর সাথে যাতায়াত সুবিধা নিয়ে কথা বলবেন।

3. দ্বন্দ্ব মীমাংসা না হলে STH রিজিওন্যাল ম্যানেজার (কিংবা তার স্থলাভিষিক্ত ব্যক্তি)-কে চূড়ান্ত লিখিত সিদ্ধান্ত এবং আপিলের অধিকার সংক্রান্ত নোটিস দিতে হবে।

B. আপিল প্রক্রিয়া ও অন্তর্বর্তীকালে স্কুলে অবস্থান

1. যদি পিতামাতা/তরুণ-তরুণী জানান যে তিনি উপরের ব্যাখ্যা অনুযায়ী ভর্তির স্কুল, গৃহহীন হিসেবে বিবেচনা করা, কিংবা যাতায়াত সুবিধা সম্পর্কে STH রিজিওন্যাল ম্যানেজারের (কিংবা স্থলাভিষিক্ত ব্যক্তির) দেওয়া চূড়ান্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করবেন, তাহলে আসন খালি থাকা ও সে সে স্কুলে শিক্ষার্থীর যোগ্য হওয়া সাপেক্ষে শিক্ষার্থীকে অবিলম্বে তার আগ্রহের স্কুলে ভর্তি করে নিতে, এবং প্রদান করা হলে বা অনুরোধ করা হলে, যাতায়াত সুবিধা অবশ্যই পিতামাতা বা তরুণ-তরুণীকে SED-এর কাছে আপিল করার সুযোগ দেবার জন্য 30 দিনের বা আপিল ঝুলন্ত থাকাকাল পর্যন্ত দিতে হবে।

2. STH রিজিওন্যাল ম্যানেজার (কিংবা স্থলাভিষিক্ত ব্যক্তি) কিংবা স্কুল-বেজড্ STH লিয়াজোঁকে পিতামাতা/শিক্ষার্থীকে আপিল ফর্ম (“petition”) পূরণে ও পূরণ করা ফর্ম যদি কোন সহায়ক কাগজপত্র থাকলে সেগুলোসহ ফর্ম দেওয়ার 5 দিনের মধ্যে SED-এর কাছে জমাদানে সহায়তা দিতে হবে। যদি পিতামাতা STH রিজিওন্যাল ম্যানেজারের (কিংবা স্থলাভিষিক্ত ব্যক্তির) দেওয়া চূড়ান্ত সিদ্ধান্ত লাভের 30 দিনের মধ্যে আপিল করেন, তাহলে শিক্ষার্থী আপিল ঝুলন্ত থাকাকালে পিতামাতা বা সঙ্গীহীন তরুণ-তরুণীর নির্বাচিত স্কুলটিতে অবস্থান করবে/ভর্তি থাকবে ও যাতায়াত পরিষেবা চালু থাকবে। সকল প্রাপ্য আপিল সমাপ্তির পর পিতামাতা বা তরুণ-তরুণীর বেছে নেওয়া স্কুলে থাকার সিদ্ধান্ত যদি বহাল না থাকে, তাহলে পিতামাতা বা তরুণ-তরুণীকে অন্য একটি স্কুলে বা ডিস্ট্রিক্ট-এ যেতে বলা হতে পারে। যদি STH রিজিওন্যাল ম্যানেজারের (কিংবা স্থলাভিষিক্ত ব্যক্তির) দেওয়া চূড়ান্ত সিদ্ধান্ত লাভের 30 দিনের মধ্যে পিতামমাতা আপিল করতে ব্যর্থ হন, তাহলে ভর্তির ব্যাপারে DOE গৃহীত সিদ্ধান্ত কার্যকর করা হতে পারে।

3. STH রিজিওন্যাল ম্যানেজার (কিংবা স্থলাভিষিক্ত ব্যক্তি) কিংবা স্কুল-বেজড্ STH লিয়াজোঁকে:

   a. STH রিজিওন্যাল ম্যানেজারের (কিংবা স্থলাভিষিক্ত ব্যক্তির) দেওয়া চূড়ান্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিলের ফর্ম-এর কপি পিতামাতাদেরকে দিতে হবে। এই ফরম অনলাইনে নিচের ঠিকানায়ও পাওয়া যায়: http://www.counsel.nysed.gov/common/counsel/files/homelessform-revised2016.pdf; এবং তা ইংরেজি ছাড়া অন্যান্য ভাষায় পা ওয়া যায় নিচের ওয়েবসাইটে: http://www.counsel.nysed.gov/appeals/homelessForms;

   b. পিতামাত/শিক্ষার্থীকে আপিল ফর্ম পূরণ করায় সাহায্য করবেন;

   c. আপিল ফর্ম অন্য কোন কাজপত্র থাকলে তার প্রয়োজনীয় সংখ্যক কপি করবেন; এবং

   d. আপিলের ফর্ম ও অন্যান্য কাগজপত্র SED-এর কাছে পাঠিয়ে দিবেন।

STH রিজিওন্যাল ম্যানেজার (কিংবা স্থলাভিষিক্ত ব্যক্তি) বা স্কুল-বেজড্ STH লিয়াজোঁ DOE-এর পক্ষ থেকে আপিল আবেদনের বিজ্ঞপ্তি ও তার সাথে কোন কাগজপত্র থাকলে তা গ্রহণ করবেন কিংবা কোন বিবাদীর নামে কোন বিজ্ঞপ্তি থাকলে উপযুক্ত ক্ষেত্রে তা পৌঁছাবার ব্যবস্থা গ্রহণ, এবং STH রিজিওন্যাল ম্যানেজার বা স্কুল-

বেজড় STH লিয়াজোঁ যে আপিল আবেদনের বিজ্ঞপ্তি পেয়েছেন, তার এবং সঙ্গে কোন কাপজপত্র থাকলে তার প্রমাণ তার প্রমাণ দেবেন এবং এসব নথি SED-এর কাছে পাঠাবেন।

## V. গৃহহীন শিক্ষার্থী ও তরুণ-তরুণীদের অধিকার এবং তুলনীয় পরিষেবা

গৃহহীন ছেলেমেয়ে ও তরুণ-তরুণীদেরকে, যার অন্তর্ভুক্ত আছেন প্রতিবন্ধিতাযুক্তরাও, তাদেরকে অবশ্যই স্থায়ী আবাসনে থাকা স্কুলের শিক্ষার্থীদের যে পরিষেবা দেওয়া হয়, তার সমতুল্য পরিষেবা দিতে হবে, যেগুলোর অন্তর্ভুক্ত আছে শিক্ষাগত পরিষেবা, যেগুলোর জন্য শিক্ষার্থী যথাযথ যোগ্যতার মানদণ্ড পূরণ করে, যেমন সরকারি প্রিস্কুল প্রোগ্রাম, প্রতিবন্ধিতাযুক্ত ইংরেজি ভাষা শিক্ষার্থীদের প্রোগ্রাম, বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা কর্মসূচি, গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড প্রোগ্রাম, স্কুল শুরুর আগে ও ছুটির পরের প্রোগ্রাম, এবং স্কুলের খাদ্য কর্মসূচি, তবে এগুলোর শর্ত হলো, যদি কোন নির্দিষ্ট প্রোগ্রামে সকল শিক্ষার্থীদের জন্য আসন পূর্ণ হয়ে যায়, তাহলে গৃহহীন শিক্ষার্থীদের ক্ষেত্রে তার কোন ব্যতিক্রম করা হবে না, এবং এ ধরনের শিক্ষার্থীদের জন্য তাদের স্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থীদের জন্য যেমন ব্যবস্থা গ্রহণ করা হয়, তাদের বেলাতেও অনুরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে, এর ব্যতিক্রম হবে পাবলিক প্রিস্কুল প্রোগ্রামে, যেভাবে উপরে বর্ণনা করা হয়েছে (সেকশন III.C দেখুন), সে অনুযায়ী অন্য ক্ষেত্রে যখন একটি ক্লাসকে পূর্ণ বলে গণ্য করা হয়ে, সেখানে ব্যতিক্রমীভাবে একজন গৃহহীন শিক্ষার্থীকে স্থান দেওয়ার জন্য সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থীর নিয়মের ব্যতিক্রম করা হতে পারে। যদি অনুরোধকৃত প্রোগ্রাম বা স্কুলের ধারণক্ষমতা যদি পূর্ণ থাকে, তাহলে গৃহহীন শিক্ষার্থীকে উপচে পড়া শিক্ষার্থীদের জন্য নির্ধারিত স্কুলে বা আশেপাশের অন্য কোন স্কুলে ভর্তি করা হবে।

A. প্রাতিষ্ঠানিক ও পাঠ্যক্রমবহির্ভূত কর্মকাণ্ড ও কলেজ কাউন্সেলিং

1. গৃহহীন শিক্ষার্থীদেরকে অবশ্যই তাদের পূর্ববর্তী স্কুলের কোর্সওয়ার্কে সম্পন্ন করা পূর্ণ ও খণ্ডিত ক্রেডিট প্রদান করতে হবে।
2. গৃহহীন শিক্ষার্থীরা, যদি সংশ্লিষ্ট মানদণ্ড, যেগুলোর মধ্য নিম্নলিখিতগুলো আছে, তবে তা এর মধ্যেই সীমিত নয়, ম্যাগনেট স্কুল, সামার স্কুল, ক্যারিয়ার অ্যান্ড টেকনিকেল এডুকেশন, এবং উচ্চতর পাঠ্যক্রম কোর্স, পূরণ করে, তবে প্রাতিষ্ঠানিক ও পাঠ্যক্রমবহির্ভূত কর্মকাণ্ডে অংশগ্রহণের ক্ষেত্রে কোন বাধার মুখোমুখী হতে পারবে না।
3. গৃহহীন শিক্ষার্থীদেরকে অপরিশোধিত ফি, জরিমানা বা অনুপস্থিতির জন্য কোন স্কুলে বা প্রোগ্রামে অংশগ্রহণে বাধা দেওয়া যাবে না।
4. স্কুল কাউন্সেলর ও স্টাফদেরকে অবশ্যই গৃহহীন শিক্ষার্থীদেরকে তাদের কলেজ প্রস্তুতির জন্য প্রয়োজনীয় উপকরণ ও পরামর্শ দিতে হবে, যার মধ্যে আছে কলেজ বাছাইয়ের ব্যাপারে কাউন্সেলিং, আবেদন প্রক্রিয়া, ফাইন্যানশিয়াল এইড এবং ক্যাম্পাসে থাকালীন সহায়তা।

B. গৃহহীন শিক্ষার্থীদের গোপনীয়তার অধিকার

1. কোন শিক্ষার্থী, যে গৃহহীন, তার অবস্থা সম্পর্কিত তথ্য হলো শিক্ষার্থীর শিক্ষাগত রেকর্ড এবং তা ফ্যামিলি এডুকেশন্যাল রাইটস্ অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট ("FERPA") দ্বারা সুরক্ষিত। পিতামাতার (সঙ্গীহীন তরুণ-তরুণীর ক্ষেত্রে সংশ্লিষ্ট তরুণ-তরুণীর) অনুমতি ছাড়া শিক্ষার্থী সাময়িকভাবে কোন্ ঠিকানায় আছে, বা তাদের সাময়িক আবাসনে থাকার কথা তৃতীয় পক্ষের কাছে DOE প্রকাশ করতে পারবে না, যদি না FERPA-এর ব্যতিক্রম প্রযোজ্য হয়।

2. যদি কোন শিক্ষার্থী কোন ডমেস্টিক ভায়োলেন্স শেল্টারে থাকে, তাহলে সে শেল্টারের ঠিকানা অবশ্যই গোপন থাকবে এবং তা ATS-এ রাখা যাবে না।

## VI. গৃহহীন ছেলেমেয়ে ও তরুণ-তরুণীদের খাদ্য লাভের যোগ্যতা

যেসব শিক্ষার্থী সাময়িক আবাসনে বসবাস করছে, তারা ফ্রি স্কুল খাদ্য পাওয়ার যোগ্য।

## VII. পরিবহন (ট্রান্সপোর্টেশন)

স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণকারীসহ, প্রিস্কুল থেকে 12 গ্রেড পর্যন্ত সকল গৃহহীন শিক্ষার্থীরা বয়স ও দূরত্বের শর্ত বিবেচনা ছাড়াই গৃহহীন থাকাকালে যে স্কুল বছরে তারা স্থায়ী আবাসনে স্থানান্তরিত হবে, সে স্কুল বছরের অবশিষ্ট সময়ের জন্য, এবং শিক্ষার্থী যদি স্কুলটির চূড়ান্ত গ্রেডে থাকে, তাহলে বাড়তি আরও এক বছরের জন্য ফ্রি পরিবহন সুবিধা লাভের যোগ্য।

A. আশ্রয়কেন্দ্রে বসবাস করা K-6 গ্রেডের গৃহহীন শিক্ষার্থীদের জন্য অফিস অভ পিউপল ট্রান্সপোর্টেশন ("OPT") গণ পরিবহন ছাড়া বাসে বা সমতূল্য বিকল্প মাধ্যমের পরিবহন সুবিধা প্রদান করবে বা ব্যবস্থা গ্রহণ করবে। যদি কোন শিক্ষার্থীর পিতামাতা হলুদ বাস সার্ভিস প্রত্যাখ্যান করেন, তাহলে প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষার্থী ও তার পিতামাতা নিচের বর্ণনা অনুসারে মেট্রোকার্ড পাওয়ার যোগ্যা হবেন।

B. গৃহহীন শিক্ষার্থীদের যারা কোন আশ্রয়কেন্দ্রে বসবাস করে না (যেমন বাসস্থান হারানো, আর্থিক দুর্ভোগ, বা অনুরূপ অন্য কোন কারণে অন্য কারও বাড়িতে ভাগাভাগি করে থাকে), যারা K-6 গ্রেডে বা প্রিস্কুলে আছে, অনুরোধসাপেক্ষে তাদের স্কুল-ভিত্তিক STH লিয়াজোঁ বা STH রিজিওন্যাল ম্যানেজার OPT-এর সাথে সমন্বয় করে কোন স্কুল বাস রুট আছে কিনা (অর্থাৎ এ ধরনের যাতায়াত সুবিধার জন্য যখন যথাযথ বাস রুট বিদ্যমান থাকে) কিংবা একটি তুল্য বিকল্প যাতায়াতের ব্যবস্থা পাওয়া যায় কিনা, খুঁজে দেখবেন।

C. যদি কোন গৃহহীন শিক্ষার্থীর জন্য হলুদ বাস পরিবহনের ব্যবস্থা করা প্রদান করা না হয়ে থাকে, তখন স্কুলের স্টাফদের সাথে, যেমন ফ্যামিলি অ্যাসিস্ট্যান্ট, স্কুল-বেজড্ STH লিয়াজোঁ, এবং/অথবা STH রিজিওন্যাল ম্যানেজার-এর সাথে কথা বলতে হবে।

D. STH-এর শিক্ষার্থী যে হলুদ বাস সার্ভিস পায় না, সে বয়স বা তার সাময়িক আবাসন থেকে স্কুলের দূরত্ব বিবেচনা ছাড়াই একট পূর্ণ ভাড়া মেট্রোকার্ড পাওয়ার যোগ্য।

E. প্রিস্কুলের শিক্ষার্থীদের যাতায়াত সুবিধা পাওয়ার অধিকার আছে এবং তারা হয় হলুদ বাস পরিবহন (এ ধরনের সার্ভিসের জন্য যথাযথ রুট বিদ্যমান থাকলে) কিংবা যদি তারা সাবওয়ে ও লোকাল বাসে ফ্রি চড়তে হলে MTA প্রবিধানের শর্তানুযায়ী যে উচ্চতা থাকতে হবে, সেটা অতিক্রম করে থাকলে সে একটি মেট্রোকার্ড পাবে। এ ছাড়াও, তাদের পিতামাতা একটি মেট্রোকার্ড পাবেন।

F. K-6 গ্রেডের যেসব গৃহহীন শিক্ষার্থী স্কুলে যাতায়াতের জন্য একটি মেট্রোকার্ড পায় কিংবা যারা ফ্রি পাবলিক ট্রান্সপোর্টেশনে যাতায়াত করতে পারে, তাদের পিতামাতা সন্তানকে স্কুলে আনা-নেওয়ার জন্য একটি মেট্রোকার্ড পাওয়ার যোগ্য।

G. যদি কোন শিক্ষার্থী নতুন স্কুলে ভর্তি হয় এবং তার IEP বিশেষ পরিবহন ব্যবস্থার সুপারিশ করে, তাহলে স্কুলকে OPT-এর সাথে যোগাযোগ করতে হবে যাতে তারা পরিবহনের ব্যবস্থা গ্রহণ করে। যদি শিক্ষার্থী তার ঠিকানা পরিবর্তন করে এবং একই স্কুলে থেকে যায়, তাহলে শিক্ষার্থীর নতুন ঠিকানা ATS লিপিবদ্ধ করার দায়িত্ব স্কুলের। ATS-এ

পরিবর্তন করা হয়ে গেলে OPT 5 স্কুল দিবসের মধ্যে নতুন বাস রুটের ব্যবস্থা করবে। নতুন বাস রুটের ব্যবস্থাপনা নিয়ে স্কুল-বেজড্ STH লিয়াজোঁ OPT-এর সাথে সমন্বয় রাখবেন। গৃহহীন কোন শিক্ষার্থী ভিন্ন কোন ডিস্ট্রিক্ট 75 সিটিওয়াইড প্রোগ্রামে বদলি হওয়ার ক্ষেত্রে ডিস্ট্রিক্ট 75 প্লেসমেন্ট-এর কর্মচারী ভর্তি এবং/অথবা যাতায়াতের ব্যবস্থা করবেন।

## VIII. স্থায়ী আবাসনে স্থানান্তরকালে পরিবারসমূহের জন্য পরিষেবা

ফ্যামিলি অ্যাসিস্ট্যান্ট এবং/অথব স্কুল-বেজড্ STH লিয়াজোঁকে অবশ্যই ডিপার্টমেন্ট অভ হোমলেস সার্ভিসেস ("DHS")-এর আশ্রয়কেন্দ্রে বসবাসরত পরিবারের সাথে তাদের নতুন বাসস্থানে স্থানান্তরিত হওয়ার আগে দেখা করতে হবে যাতে তারা নিশ্চিত করতে পারেন যে স্থানান্তর প্রক্রিয়াটি ঝামেলামুক্ত হয়। DHS আশ্রয়কেন্দ্রে সাময়িকভাবে বসবাসরত পরিবারসমূহের যাদের স্থায়ী আবাসনে স্থানান্তরকালে সহায়তার প্রয়োজন হয়, তাদের STH রিজি ওন্যাল ম্যানেজার বা স্কুল-বেজড্ STH লিয়াজোঁ-এর সাথে যোগাযোগ করতে হবে। পিতামাতাদেরকে জানাতে হবে যে, যদি তারা নিউ ইয়র্ক সিটিতে স্থায়ী বাসিন্দা হয়, তাহলে তাদের ছেলেমেয়ের অধিকার আছে তাদের চূড়ান্ত গ্রেড পর্যন্ত চলমান স্কুলে থেকে যাওয়ার। যদি কোন পরিবার নিউ ইয়র্ক সিটির বাইরে স্থায়ী বাসিন্দায় পরিণত হয়, তাহলে পিতামাতাদেরকে জানিয়ে দিতে হবে যে, তাদের সন্তানের অধিকার আছে তাদের চলমান স্কুলে বছরের অবশিষ্ট দিনগুলোর জন্য থেকে যাওয়ার এবং বছরটি শিক্ষার্থীর চূড়ান্ত বছর হলে বাড়তি আরও এক বছর থেকে যা যাওয়ার। পরিবহন সংক্রান্ত ব্যাপারে যখন গৃহহীন শিক্ষার্থী স্থায়ী বাসস্থানে স্থানান্তরিত হয়, তারা এবং তাদের পিতামাতা, প্রযোজ্য ক্ষেত্রে, তাদের পিতামাতাদের অধিকার থাকবে স্কুল বছরের সমাপ্তি পর্যন্ত, এবং স্কুলটিতে সে স্কুল বছরটি শিক্ষার্থীর শেষ বছর হলে আরও এক বছর স্কুলে যাতায়াত সুবিধা লাভের করার। এরপর থেকে তারা গৃহহীন নয়, এমন শিক্ষার্থীদের বেলায় প্রযোজ্য পরিবহন সুবিধার নিয়মনীতির অধীনে গণ্য করা হবে যা চ্যান্সেলরের প্রবিধান A-801-তে ব্যাখ্যা করা আছে।

## IX. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of Community Schools

অস্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থীগণ

N.Y.C. Department of Education

52 Chambers Street – Room 3M

New York, NY 10007

ফোন: 718-828-2208

ইমেইল: STHinfo@schools.nyc.gov

## ম্যাক্‌কিনি ভেন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্ট

### অস্থায়ী আবাসনের (টেম্পোরারি হাউজিং) শিক্ষার্থীবৃন্দ - পিতামাতা ও কিশোর-কিশোরীদের জন্যে নির্দেশিকা (গাইড)

| আলোচ্য | গুরুত্বপূর্ণ তথ্য |
|---|---|
| **শিক্ষার অধিকার রক্ষার উদ্দেশ্যে ম্যাককিনো-ভেন্টো অ্যাক্ট-এর অধীনে নিম্নলিখিত পরিস্থিতিতে বসবাসকারী শিক্ষার্থীদেরকে বাস্তুহারা বা হোমলেস হিসেবে বিবেচনা করা হয়:** | • কোন আশ্রয়কেন্দ্র বা শেল্টারে, মোটেলে, ক্যাম্প-গ্রাউন্ডে, অথবা হাসপাতালে পরিত্যক্ত অবস্থায়।<br>• কোন গাড়িতে, পার্কে, জনসাধারণের জন্যে উন্মুক্ত স্থানে, বাসে, ট্রেনে অথবা পরিত্যক্ত ভবনে।<br>• বাসস্থান বা হাউজিং খুঁজে না পাওয়ায় অথবা সামর্থ্য অনুযায়ী না হওয়ায়, বন্ধু বা আত্মীয়স্বজনদের সাথে ভাগাভাগি করে থাকে। |
| **সঙ্গীহীন কিশোর-কিশোরী** | • যে কিশোর-কিশোরী পিতামাতার বা কারো অভিভাবকত্বের প্রত্যক্ষ তত্ত্বাবধানে নেই, এবং যে উপরে উল্লিখিত ব্যাখ্যা অনুযায়ী উদ্বাস্তু বা হোমলেস হিসেবে সংজ্ঞায়িত হতে পারে।<br>*সঙ্গীহীন বাস্তুহারা বা হোমলেস কিশোর-কিশোরীদের, হোমলেস শিক্ষার্থী হিসেবেও যারা পিতামাতা বা কোন অভিভাবকের সাথে বসবাস করে, তাদের সমান অধিকার রয়েছে।* |
| **যেসব শিক্ষার্থী ম্যাককিনি-ভেন্টো অ্যাক্ট-এর বাস্তুহারা বা হোমলেস-এর সংজ্ঞাধীন, তাদের নিম্নলিখিত অধিকারগুলো রয়েছে:** | • বিনা খরচে পাবলিক স্কুলে পড়ালেখা করা।<br>• আসন খালি থাকে সাপেক্ষে, জোন স্কুলে সাথে সাথে ভর্তি হওয়ার।<br>• তাদের বর্তমান অবস্থানে কতদিন ধরে বসবাস করছে সে বিবেচনা ছাড়াই স্কুলে পড়াশোনা করার।<br>• তাদের মূল স্কুলে অবস্থান করার (বাস্তুহারা হওয়ার আগে যে স্কুলে ভর্তি ছিলো কিংবা সর্বশেষ যে স্কুলে পড়ালেখা করতো) কিংবা ইচ্ছানুযায়ী তাদের নতুন জোনভুক্ত স্কুলে ভর্তি হওয়ার।<br>• স্কুলে যাওয়া ও আসার জন্য পরিবহন সুবিধা পাওয়ার।<br>• শুধু তাদের পরিস্থিতিগত কারণে বা ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজ না থাকায় সাথে সাথে স্কুলে ভর্তিতে প্রত্যাখ্যাত না হওয়ার।<br>• তারা বাস্তুহারা (হোমলেস) হওয়াতে নিয়মিত স্কুল প্রোগ্রাম থেকে পৃথকীকৃত না হওয়ার।<br>• বিনামূল্যে স্কুলের খাবার পাওয়ার। |
| **গুরুত্বপূর্ণ তথ্য:** | • প্রতিটি বরোতে কমপক্ষে একজন স্টুডেন্টস ইন টেম্পোরারি হাউজিং (সাময়িক আবাসে অবস্থিত শিক্ষার্থী, STH) রিজিওনাল ম্যানেজার আছেন যিনি STH লিয়াজোঁ হিসেবে কাজ করেন এবং বাস্তুহারা শিক্ষার্থীদের শিক্ষায় সহায়তা করার জন্য তাদের কর্মসূচি (প্রোগ্রাম) ও পরিষেবাসমূহ প্রস্তুত করেন। ফ্যামিলি অ্যাসিস্ট্যান্টদের একটি টিমকে STH রিজিওনাল ম্যানেজার তত্ত্বাবধান করেন। রিজিওনাল ম্যানেজার-এর সাথে যোগাযোগের তথ্য এখানে[1] পাওয়া যাবে।<br>• প্রতিটি স্কুলে একজন STH স্কুল-ভিত্তিক লিয়াজোঁ রয়েছে যিনি STH-তে সহায়তা করতে স্কুলের সাথে সরাসরি কাজ করেন।<br>• কিছু স্কুলে STH-তে সহায়তা করার জন্যে, একজন STH কমিউনিটি কোঅর্ডিনেটর রয়েছেন।<br>• অতিরিক্তভাবে, ডিস্ট্রিক্ট 75 এবং ডিস্ট্রিক্ট 79-এ একজন দায়িত্বপ্রাপ্ত STH লিয়াজোঁ রয়েছেন, যিনি বাস্তুহারা (হোমলেস) ছেলেমেয়েদের লেখাপড়ায় প্রয়োজনীয় সহায়তা দেয়ার জন্য প্রস্তুত থাকেন।<br>• ফ্যামিলি অ্যাসিস্ট্যান্টগণ শেল্টারে এবং কিছু কিছু স্কুলে অবস্থান করেন। তারা বাস্তুহারা পিতামাতা ও তাদের ছেলেমেয়েদের শিক্ষাগত চাহিদা পূরণের জন্য প্রয়োজনীয় সহায়তা দিতে দায়বদ্ধ থাকেন।<br>• ফ্যামিলি অ্যাসিস্ট্যান্টগণ পিতামাতাদের সন্তানকে স্কুলে ভর্তি হওয়া, টিকা দেয়া, স্কুলের কাগজপত্র সংগ্রহ করা এবং স্কুলে যাওয়া-আসার ব্যবস্থা করায় সহায়তা করার জন্যে রয়েছেন। ব্যক্তিগত প্রশ্ন করতে, প্রশিক্ষণের ব্যবস্থা করতে, কিংবা সঙ্গীহীন কিশোর-কিশোরীদের সহায়তা করতে, স্কুল-কর্মীদের স্কুল-ভিত্তিক লিয়াজোঁ অথবা কমিউনিটি কোঅর্ডিনেটর, অথবা তাদের রিজিওন্যাল ম্যানেজারের সাথে যোগাযোগ করতে দ্বিধা করা উচিত নয়। |
| **স্কুল বাছাই:** | • যদি সন্তান বাস্তুহারা (হোমলেস) হলে স্কুলগুলোকে অবশ্যই পিতামাতাদের সন্তানের জন্যে স্কুল বাছাই করার সুযোগ দিতে হবে। পিতামাতা নিম্নলিখিতগুলো থেকে বেছে নিতে পারবেন:<br>a) স্থায়ী ঠিকানায় বসবাসকালে শিক্ষার্থী যে স্কুলে পড়তো (মূল স্কুল);<br>b) শিক্ষার্থী সর্বশেষ যে স্কুলটিতে ভর্তি ছিলো; কিংবা<br>c) বাস্তুহারা (হোমলেস) শিক্ষার্থী বর্তমানে যে এলাকায় বাস করছে, সে এলাকায় স্থায়ীভাবে বসবাসরত শিক্ষার্থীদের জন্য যেসব স্কুল রয়েছে সেগুলো, এক্ষেত্রে প্রযোজ্য শিক্ষার্থী যোগ্যতার শর্তগুলো পূরণ করেছে এবং আসন খালি রয়েছে। |
| **স্কুল এনরোলমেন্ট: (বর্তমানে আপনার সন্তান কোন স্কুলে ভর্তি না থাকলে কিংবা আপনি স্কুল বদল করতে চাইলেই শুধু প্রযোজ্য হবে)** | • এলিমেন্টারি এবং মিডল্ স্কুল – আপনার যদি একটি জোনভুক্ত স্কুল থেকে থাকে, শিক্ষা বছর চলাকালে আপনি যেকোন সময় সরাসরি স্কুলে গিয়ে ভর্তি হতে পারেন। আপনার যদি কোন জোনভুক্ত স্কুল না থাকে অথবা আপনি আপনার সন্তানের জন্য যদি অন্য স্কুলের অপশনগুলো দেখতে চান, তবে ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন করুন। আপনার ফ্যামিলি ওয়েলকাম সেন্টার কোথায় আছে জানতে চাইলে, অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন।<br>• হাই স্কুল – সকল হাই স্কুল শিক্ষার্থীকে অবশ্যই ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে রেজিস্টার করতে হবে।<br>• যদি আপনার সন্তান বর্তমানে NYC ডিপার্টমেন্ট অব হোমলেস সার্ভিস-এর আশ্রয়কেন্দ্রে (শেল্টারে) বসবাস করে, তাহলে যদি প্রয়োজন হয়, আপনার আশ্রয়কেন্দ্রের ফ্যামিলি অ্যাসিস্ট্যান্ট আপনাকে সহায়তা দিতে সক্ষম হবেন। আপনার আশ্রয়কেন্দ্রে (শেল্টারে) যদি কোন ফ্যামেলি অ্যাসিস্ট্যান্ট না থাকেন অথবা আপনি যদি আশ্রয়কেন্দ্রে |

[1] A-101 সংযুক্তি 5 - বন্ধনমুক্তির হলফনামা (এফিডেভিট অভ ইমানসিপেশন)-মুদ্রিত হয়েছে 3-1-18.docx

| আলোচ্য | গুরুত্বপূর্ণ তথ্য |
| --- | --- |
| | (শেল্টারে) বসবাস না করেন, তাহলে অনুগ্রহ করে আপনার STH রিজিওনাল ম্যানেজার-এর সাথে যোগাযোগ করুন। |
| **ভর্তি নিয়ে বিরোধ:** | • যদি অ্যাসাইন করা স্কুল নিয়ে বিরোধ উৎপত্তি হয়, যতদিন বিরোধ নিষ্পত্তি না হচ্ছে, ততদিন শিক্ষার্থীদের তাদের মূল স্কুলে অথবা নতুনভাবে নির্ধারিত বদলি স্কুলে থাকা উচিত, এবং আপনার সন্তানকে অবশ্যই যে স্কুলে ভর্তি করতে চাচ্ছেন সেটায় সাময়িকভাবে রেজিস্টারকৃত হতে হবে।<br>• পিতামাতাকে অবশ্যই বিরোধ সম্পর্কে স্কুলের সিদ্ধান্ত জানিয়ে একটি লিখিত ব্যাখ্যা দিতে হবে যাতে আপিলের অধিকারের কথা উল্লিখিত থাকবে এবং যা STH ফ্যামেলি অ্যাসিস্ট্যান্ট, অথবা অনসাইট STH স্কুল ভিত্তিক লিয়াজোঁ, অথবা STH রিজিওনাল ম্যানেজার-এর কাছে সহায়তার জন্য সুপারিশ করে পাঠান হবে। |
| **পরিবহন** | • যেসব শিক্ষার্থীদেরকে ম্যাককিনি ভেন্টো অ্যাক্ট অনুযায়ী বাস্তহারা (হোমলেস) হিসেবে সংজ্ঞায়িত করা হয়, তারা যদি প্রয়োজন হয়, স্কুলে যাওয়া আসার জন্য পরিবহনসুবিধা পাওয়ার অধিকারী। যদি থাকে, K-6 গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের বাসের সুবিধা দেওয়া হবে; অন্যথায়, তারা শিক্ষার্থী মেট্রোকার্ড পাওয়ার যোগ্য।<br>• প্রি-K-6 গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের যারা পরিবহন সুবিধা এবং মেট্রোকার্ড লাভের যোগ্য, তাদের পিতামাতাও তাদের সন্তানদের সঙ্গে আনা-নেওয়ার জন্য পরিবহনসুবিধা (মেট্রোকার্ড) লাভের যোগ্য।<br>• 7-12 গ্রেডের শিক্ষার্থীরা স্টুডেন্ট মেট্রোকার্ড লাভের যোগ্য। |

**আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আপনার বরো STH লিয়াজোঁর সাথে অথবা 311 নম্বরে ফোন করুন।**

19 জুন, 2019

NYC Department of Education

চ্যান্সেলরের প্রবিধান A-780 – সংযুক্তি নং 2

আবাসন বা হাউজিং সংক্রান্ত প্রশ্নাবলী

পিতামাতা/অভিভাবক/শিক্ষার্থী:

এই ফর্মটির উদ্দেশ্য ম্যাককিনি-ভেন্টো অ্যাক্ট 42 U.S.C. 11435-এর শর্ত পূরণ করা এবং এটি অবশ্যই প্রতিটি শিক্ষার্থীর জন্য পূরণ করতে হবে। **আপনার দেওয়া তথ্য গোপন থাকবে।** আপনার দেওয়া তথ্যের উপর ভিত্তি করে আপনার সন্তানের সাথে বৈষম্য করা হবে না।

শিক্ষার্থী কী কী পরিষেবা পাওয়ার যোগ্য, সেটা নির্ধারণে সহায়তা করার জন্য অনুগ্রহ করে শিক্ষার্থীর হাউজিং বা আবাসন-সংক্রান্ত নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিন।

**স্কুল/অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ের লিয়াজোঁ-র জন্য দ্রষ্টব্য: অনুগ্রহ করে শিক্ষার্থী ও পরিবারকে এই ফর্ম পূরণে সহায়তা করুন।** অযথা এই ফর্ম রেজিস্টেশন প্যাকেজে অন্তর্ভুক্ত করবেন না, কারণ শিক্ষার্থী যদি অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাসকারী হিসেবে যোগ্য হয়, তাহলে রেজিস্ট্রেশন প্যাকেজের অংশ হিসেবে অন্যান্য আবশ্যক কাগজপত্রের পাশাপাশি, **শিক্ষার্থীকে তার বাসস্থানের ঠিকানার প্রমাণ জমা দিতে হয় না** । পিতামাতার সম্মতি ছাড়া ডিস্ট্রিক্ট বাসস্থানের অবস্থা সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারবে না।

শিক্ষার্থীর নাম এবং তথ্য:

| শেষ নাম | প্রথম নাম | মধ্য নাম |
|---|---|---|
| | | |

| OSIS নম্বর | জন্মতারিখ (মাস/দিন/বৎসর) | স্কুল |
|---|---|---|
| | | |

**অনুগ্রহ করে শিক্ষার্থীর বাসস্থানের বর্তমান ব্যবস্থা চিহ্নিত করুন। অনুগ্রহ করে একটি বক্স-এ টিক-চিহ্ন দিন:**

| **টিক (√)** | **আবাসন (হাউজিং) সংক্রান্ত প্রশ্নাবলী বাছাই** | **(শুধুমাত্র স্কুলের ব্যবহারের জন্যে) ATS কোড** |
|---|---|---|
| | **ডাবলড আপ** - বাসস্থান না থাকায় অথবা আর্থিক টানাপোড়নের জন্য অন্য পরিবার অথবা ব্যক্তির সাথে বাসস্থান ভাগাভাগি করছে | D |
| | **শেল্টার** - জরুরি ও উত্তরণকালীন আশ্রয় বা শেল্টার | S |
| | **হোটেল/মোটেল** - এমন কোথাও বাস করছে যা জরুরি বা উত্তরণকালীন আশ্রয়কেন্দ্র বা শেল্টার **নয়** এবং এতে ভাড়া দিতে হয় | H |
| | **অন্যান্য অস্থায়ী আবাসন অবস্থা** - ট্রেইলার পার্ক, ক্যাম্পগ্রাউন্ড, গাড়ি, পার্ক, উন্মুক্ত স্থান, পরিত্যক্ত ভবন, রাজপথ, কিংবা অন্য যেকোন বসবাসের জন্যে যথেষ্ট নয় এমন স্থান | T |
| | **স্থায়ী আবাসন** - যে শিক্ষার্থী কোন স্থায়ী, নিয়মিত, এবং বাস-উপযোগী স্থানে বাস করছে | P |

**শিক্ষার্থী যদি কোন স্থায়ী বাসস্থানে না থাকে, তাহলে নিম্নলিখিতটি প্রযোজ্য হলে তাও চিহ্নিত করুন:**

| | | |
|---|---|---|
| | **সঙ্গীহীন কিশোর-কিশোরী** - যে কিশোর-কিশোরী একজন পিতামাতা বা অভিভাবকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে থাকে না | **(শুধুমাত্র স্কুলের ব্যবহারের জন্যে) যদি প্রযোজ্য হয় তবে "Y"** |

____________________________ ___________________________________ _______________________

পিতামাতা/অভিভাবক (ইংরেজি বড় অক্ষরে) পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর তারিখ

**অনুগ্রহ করে অনুরোধ অনুযায়ী আপনার সন্তানের স্কুলে এই ফর্ম জমা দিন।**

**দ্রষ্টব্য:** ম্যাককিনো ভেন্টো অ্যাক্ট অনুযায়ী আপনার সন্তান কী কী পরিষেবা লাভের উপযুক্ত হতে পারে, আপনার দেয়া উপরের উত্তর তা নির্ধারণে সহায়তা করবে। যেসব শিক্ষার্থী এই অ্যাক্ট অনুসারে সুরক্ষা লাভ করে, তারা সাধারণত আবশ্যক কাগজপত্র, যেমন বাসস্থানের প্রমাণ, স্কুলের রেকর্ড, টিকা-

ইঞ্জেকশনের রেকর্ড বা বার্থ সার্টিফিকেট ইত্যাদি ছাড়াই সাথে সাথে স্কুলে ভর্তি হতে পারার অধিকার রাখে। শিক্ষার্থী ভর্তি হওয়ার পর নতুন স্কুলকে অবশ্যই শিক্ষার্থী সর্বশেষ যে স্কুলে সে পড়েছে, সে স্কুলের সাথে যোগাযোগ করে শিক্ষার্থীর টিকা-ইঞ্জেকশন, এবং টেম্পোরারি হাউজিং (STH) রেকর্ডসহ শিক্ষাগত রেকর্ড পাঠাবার অনুরোধ জানাতে হবে। লিয়াজোঁকে অবশ্যই শিক্ষার্থীকে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করতে এবং টিকা গ্রহণ করতে সহায়তা করতে হবে। যেসব শিক্ষার্থী ম্যাককিনি-ভেন্টো অ্যাক্ট-এর অধীনে সুরক্ষিত, তারা বিনা খরচে যাতায়তা ও অন্যান্য পরিষেবা পাবার যোগ্য। অনুগ্রহ করে সূত্রের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-780 দেখুন।

**এই ফর্মের সাথে এক পাতার সংযুক্তি আছে যার শিরোনাম:** "ম্যাককিনো-ভেন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্ট - স্টুডেন্টস ইন টেম্পোরারি হাউজিং গাইড ফর প্যারেন্টস অ্যান্ড ইয়ুথ।"